

## 2.2. শিক্ষায় নৈতিকতা ও মূল্যবোধ (Morality and Values in Education)

নৈতিক মূল্যবোধ সমাজের একটি অপরিহার্য অংশ এবং ব্যক্তির উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রায়শই নৈতিক মূল্যবোধ নির্ধারণ করা একটি জটিল ব্যাপার। কারণ, এটি মূল্যায়ন কার্যক্রম, মানুষ, ধারণা এবং বিষয়বস্তু সব কিছুর উপর নির্ভরশীল এবং জীবনের প্রতি ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ। যাই হোক, এই মানদণ্ডগুলি কঠোরভাবে নৈতিক মূল্যবোধগুলি পালনকারীকে সহায়তা করে এবং ব্যক্তিকে ব্যক্তির থেকে পৃথক করে। সহজভাবে, এটি তার জীবনের ব্যক্তিগত স্বার্থ এবং অগ্রাধিকার সম্পর্কে সবকিছু নিম্নলিখিত কয়েকটি বিষয় যা আমাদেরকে নৈতিক মূল্যবোধের তাৎপর্য সম্পর্কে বুঝতে সহায়তা করবে।

- যখন মূল্যবোধ শ্রেণিকক্ষ, গৃহ, সংগঠন বা অন্য কোনো বিষয়ের থেকে বেশি হয়ে দাঁড়ায় তখন সেটি পরিবেশের সঙ্গে সম্পর্কসাধনে চেষ্টা করে। ফলাফল হিসেবে, ব্যক্তি একটি দলের সদস্য হিসেবে নিজেকে চিনতে সক্ষম হয়।
- নৈতিক মূল্যবোধগুলি ব্যক্তির চরিত্র ও বিকাশের উপর প্রভাব ফেলে যা তাকে নির্দিষ্ট লক্ষ্য অর্জনে সহায়তা করে। মূল্যবোধ ব্যতীত ব্যক্তি সহজে কোনো লক্ষ্য অর্জন করতে সক্ষম হয় না। সেই লক্ষ্য ব্যক্তিগত বা সামাজিক হোক না কেন।
- সম্প্রদায়ের দিক থেকে মূল্যবোধকে একটি নিয়ম, বিশ্বাসের আদানপ্রদান করাকে বোঝায়, যা সমাজের সদস্য হিসেবে ব্যক্তির আচরণকে নিয়ন্ত্রণ করে থাকে। যদি কখনো এই মূল্যবোধের কঠোরতা দেখা যায় তবে সম্প্রদায়ের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করতে পারে।

- যখন আমরা বিদ্যালয়, পরিবার বা সমাজের কথা বলে থাকি তখন দেখি যে মূল্যবোধগুলি কার্যকরী ভূমিকা পালন করে থাকে। গউন (Gown)-এর মতো গোষ্ঠীর সদস্য হিসেবে ব্যক্তির নিজের মূল্যবোধকে একে অপরের সঙ্গে আদানপ্রদান করতে পারে না। মূলত এটি হয়ে থাকে কী শুনছে এবং কী করছে তার মধ্যে অসংগতি থাকে বলে। যেমন—শিশুরা কখনোই সহনশীলতার মতো সামাজিক গুণ শিখবে না, যতক্ষণ না পর্যন্ত সমাজের প্রবীণ ব্যক্তিরা ও পরিবারের সদস্যরা তাদের সামনে সঠিক আচরণ করছে।

- শিক্ষক, পরিবারের ব্যক্তিবর্গদের শিশুদের সঙ্গে যোগাযোগ করার সঠিক পথটি খুঁজে বের করতে হবে। তাদের এটি বুঝতে হবে যে মূল্যবোধ গঠন করার জন্য শুধুমাত্র জ্ঞান প্রদান করা যথেষ্ট নয়। শিশুদের নিকট একটি আদর্শ রূপে নিজেদেরকে উপস্থাপন করতে হবে।

- আমরা বাস্তব দৃষ্টিভঙ্গিতে দেখি যে, যখন সম্প্রদায় ভালোভাবে কোনো কার্যাবলি পরিচালনা করে তখন সেটি নৈতিক মূল্যবোধ গঠনের সহায়ক হয়।

- নৈতিক মূল্যবোধগুলি ব্যক্তিদের মনোভাব গঠনে, প্রেষণা জাগ্রত করতে ও প্রত্যাশা তৈরি করতে সাহায্য করে। তবে এটি নির্ভর করে ব্যক্তির আচরণের উপর।

- একই সমাজের অন্তর্গত ব্যক্তিদের মূল্যবোধের মধ্যে যদি তারতম্য দেখা যায় তবে তারা একত্রিতভাবে কখনোই কোনো কর্ম সম্পাদন করতে পারবে না।

- মূল্যবোধগুলি একটি সম্প্রদায়ের ক্ষেত্রে একটি স্তম্ভ হিসেবে কাজ করে। এইসব অবস্থা থেকেই শিশুদের মধ্যে ধীরে ধীরে মূল্যবোধগুলি প্রবেশ করাতে হবে।

অতএব বলা যেতে পারে যে, নৈতিক মূল্যবোধগুলিকে প্রাথমিক অবস্থা থেকেই

শিশুদের মধ্যে প্রবেশ করানো প্রয়োজন। যদি শৈশব থেকেই এই কাজটি করা যায় তবে

প্রত্যেক শিশু সমাজের সক্রিয় সদস্য হিসেবে নিজেদেরকে আত্মপ্রকাশ করবে।